**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
*" Made in Bangladesh with Pride"*
BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২২/৪৫ তারিখঃ ১৬/০৩/২০২২

# সম্মানিত সকল সদস্যদের জন্য

বিষয়ঃ নিট গার্মেন্টসে সূতা থেকে কাপড় এবং কাপড় থেকে পোশাক, সুয়েটার গার্মেন্টসে সূতা থেকে পোশাক তৈরীতে পুন:নির্ধারিত অপচয় হার ব্যবহার সংক্রান্ত নির্দেশনা পরিপালন প্রসঙ্গে।

সূত্রঃ বিজিএমইএ'র সার্কুলার নং-বিজিএ/কাস/২০২২/২৫ তারিখঃ ২০/০২/২০২২।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিট গার্মেন্টসে সূতা থেকে কাপড় এবং কাপড় থেকে পোশাক, সুয়েটার গার্মেন্টসে সূতা থেকে পোশাক তৈরিতে পুন:নির্ধারিত অপচয় হার ব্যবহার সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ড স্মারক নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০১.২০২০/৯৪ তারিখঃ ১০/০৩/২০২২ জারী করেছে।

উক্ত জারীকৃত স্মারকের শর্ত পরিপালনের লক্ষ্যে এখন থেকে সদস্য প্রতিষ্ঠান কর্তৃক সূতা ও কাপড়ের যৌক্তিক অপচয়ের হার ইউডি'র **Consumption** কলামের নিচে এবং পোশাকের বর্ণনা কলামে **Basic Knit/ Special Knit/Sweater** উল্লেখ করার জন্য অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় কার্যার্থে বাণিজ্য মন্ত্রণালয় হতে জারীকৃত স্মারক নং ২৬.০০.০০০০.১৫২.৯৩.০২০.২০-৯৩, তারিখঃ ১৯/১২/২০২১ এবং জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০১.২০২০/৯৪, তারিখঃ ১০/০৩/২০২২ এতদ্‌সংগে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদন্তে,

১৬/৩/২০২২

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

FARUQUE HASSAN
PRESIDENT

**Bangladesh Garment Manufacturers & Exporters Association**
*"Made in Bangladesh with Pride"*

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২২/২৫

তারিখঃ ২০/০২/২০২২

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয় ঃ নিট গার্মেন্টসে সুতা থেকে কাপড় তৈরি ও কাপড় থেকে পোশাক তৈরি এবং সুয়েটার গার্মেন্টসে সুতা থেকে পোশাক তৈরিতে অপচয়ের হার পুন:নির্ধারন প্রসঙ্গে।**

প্রিয় সহকর্মী,

আসসালামু আলাইকুম।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র বর্তমান পরিচালনা পর্ষদের আন্তরিক প্রচেষ্টায় নিট ও সুয়েটার গার্মেন্টসে অপচয়ের হার পুন:নির্ধারন করে বাণিজ্য মন্ত্রণালয় স্মারক নং ২৬.০০.০০০০.১৫২.৯৩.০২০.২০-৯৩, তারিখ: ১৯/১২/২০২১ জারি করেছে।

প্রয়োজনীয় কার্যার্থে বাণিজ্য মন্ত্রনালয়ের স্মারকটি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

-২৫৮-

(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি- ৯ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mincom.gov.bd

নম্বর: ২৬.০০.০০০০.১৫২. ৯৩.০২০.২০-৯৩

তারিখ: ০৪ পৌষ ১৪২৮ / ১৯ ডিসেম্বর ২০২১

বিষয়: নিট গার্মেন্টস-এ সুতা থেকে কাপড় তৈরি এবং কাপড় থেকে পোশাক তৈরিতে অপচয়ের হার পুন:নির্ধারণ

নিট গার্মেন্টস-এ সুতা থেকে কাপড় তৈরি এবং কাপড় থেকে পোশাক তৈরিতে অপচয়ের হার সংক্রান্ত ২৮/১২/১৯৯৮ তারিখের কম/টেক্স/এসি/২৬/৯৬/৩৫২-নং স্মারক পত্র বাতিলপূর্বক নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হ'ল:

Basic Knit: t-shirts, polo shirts, trousers, shorts, skirts, pajamas and like products-এ সর্বোচ্চ ২৯%;
[সুতা থেকে কাপড় তৈরিতে ১২% এবং কাপড় হতে পোশাক তৈরিতে ১৭%]

Special Items: rompers, tank tops, dresses, gowns, hoodies, lingerie and like products-এ সর্বোচ্চ ৩২% এবং
[সুতা থেকে কাপড় তৈরিতে ১২% এবং কাপড় হতে পোশাক তৈরিতে ২০%]

Sweater and socks: (sweaters, jumpers, pullovers, cardigans, vests, socks, gloves and like items-এ সর্বোচ্চ ১৬%।

২.০ অপচয়ের পুনঃনির্ধারিত হার চলতি অর্থবছর ২০২১-২২ (জুলাই ২০২১) হতে কার্যকর হবে।

৩.০ অপচয়ের হার বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে বাণিজ্য সংগঠনসমূহ প্রয়োজনীয় কার্যক্রম/পদক্ষেপ গ্রহণ করবে।

৪.০ সরকারি রাজস্ব সংরক্ষণে জাতীয় রাজস্ব বোর্ড প্রয়োজনীয় শর্ত/নির্দেশনা জারি করতে পারবে।

(মোছা: শামীমা আকতার)
যুগ্মনিয়ন্ত্রক
ফোন: ৯৫৬৯০০৫
ইমেইল: export9@mincom.gov.bd

নম্বর: ২৬.০০.০০০০.১৫২. ৯৩.০২০.২০-৯৩

তারিখ: ০৪ পৌষ ১৪২৮ / ১৯ ডিসেম্বর ২০২১

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতাক্রমে নয়):**

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা
২. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৪. ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টি.সি.বি ভবন, কাওরান বাজার, ঢাকা।
৫. সভাপতি, এফবিসিসিআই, ৬০, মতিঝিল, বা/এ, ঢাকা।
৬. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ#৭/৭ এ, সেক্টর# ১৭, ব্লক# এইচ-১, উত্তরা, ঢাকা।
৭. সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার (৫ম তলা), ১৩/১ সোনারগাঁও রোড, বাংলামটর, ঢাকা।
৮. সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার, ৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।

**অনুলিপি (সদয় অবগতির জন্য) :**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (রপ্তানি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (রপ্তানি-৩)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোছা: শামীমা আকতার)
যুগ্মনিয়ন্ত্রক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস, রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং ০৮.০১.০০০০.৫৬.০১.০০১.২০২০/ ৬৪ তারিখ: ১০/০৩/২০২২ খ্রি:।

**বিষয়: নিট গার্মেন্টস এ সুতা থেকে কাপড় এবং কাপড় থেকে পোশাক তৈরিতে অপচয়ের হার পুন:নির্ধারণ।**

সূত্র : ১. বাণিজ্য মন্ত্রণালয়ের পত্র নং- ২৬.০০.০০০০.১৫২.৯৩.০২০.২০-৯৩, তারিখ: ১৯/১২/২০২১ খ্রি: ।
২. কাস্টমস বন্ড কমিশনারেট এর পত্র নং- ৫(১৩)৩০/বন্ড কমি:/কাস্টমস শাখা/২০১৩/২৯১, তারিখ: ০৬/০১/২০২২ খ্রি:।
৩. জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ০৮.০১.০০০০.৫৬.০১.০০১.২০২০/৪৪, তারিখ: ১৭/০২/২০২২ খ্রি:।
৪. বাণিজ্য মন্ত্রণালয়ের পত্র নং- ২৬.০০.০০০০.১৫২.৯৩.০২০.২০-৯৩, তারিখ: ১৯/১২/২০২১ খ্রি: (একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত পত্রসমূহ জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সূত্রীয় ১ নং পত্রের মাধ্যমে নিট গার্মেন্টস-এ সুতা থেকে কাপড় তৈরি এবং কাপড় থেকে পোশাক তৈরিতে পূর্ববর্তী অপচয় হার বাতিল করে ক্যাটাগরি ভিত্তিক পোশাক উৎপাদন প্রক্রিয়ার সুনির্দিষ্ট ধাপ বিবেচনায় প্রতিটি ধাপের ক্ষেত্রে আলাদা আলাদাভাবে Basic Knit, Special Items, Sweater and Socks এর জন্য যথাক্রমে সর্বোচ্চ অপচয়ের হার ২৭%, ৩০% এবং ৪%, নির্ধারণ করা হয়েছিল। পরবর্তীতে সূত্রীয় ১ নং পত্রের আদেশ সংশোধনপূর্বক একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত করে সূত্রীয় ৪ নং পত্রের মাধ্যমে অপচয়ের হার ক্যাটাগরি ও ধাপভিত্তিক যথাক্রমে, Basic Knit ২৯%, Special Items ৩২% এবং Sweater and Socks ১৬% নির্ধারণ করা হয়। বর্ণিতাবস্থায়, এক্ষেত্রে পুণ:নির্ধারিত অপচয়ের হার বাস্তবায়ন সংক্রান্ত জটিলতা নিরসনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ পরিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো:

ক. ক্যাটাগরি ভিত্তিক পোশাকের উৎপাদন প্রক্রিয়ার সুনির্দিষ্ট ধাপ বিবেচনায় প্রতিটি ধাপের জন্য বাণিজ্য মন্ত্রণালয় থেকে ধাপভিত্তিক যে আলাদা আলাদা অপচয়ের সর্বোচ্চ হার নির্ধারণ করা হয়েছে, উক্ত হারে অপচয়সমূহ তৈরী পোশাক প্রস্তুতকারীগণ শুধুমাত্র নির্ধারিত উৎপাদন ধাপ অনুসরণ/ ব্যবহার করলেই তা প্রাপ্য হবেন;

খ. পুনঃনির্ধারিত এ অপচয় হারের ভূতাপেক্ষ কার্যকারিতা প্রদান করা হয়নি। সেক্ষেত্রে, যেহেতু বন্ড ব্যবস্থায় এ জাতীয় প্রতিষ্ঠানের কাঁচামাল সংগ্রহ হতে উৎপাদনের প্রক্রিয়া প্রাথমিকভাবে UD ইস্যু হতে শুরু হয়, সেহেতু প্রতিটি UD তে উৎপাদন ধাপ বা প্রক্রিয়া বিবেচনায় অপচয়ের সুনির্দিষ্ট হার উল্লেখ থাকা বাঞ্জনীয়। এ লক্ষ্যে সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠন তথা বিজিএমইএ ও বিকেএমইএ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন;

গ. বিজিএমইএ ও বিকেএমইএ UD ইস্যুকালে/সংশোধন অনুমোদনকালে পোশাকের প্রকৃতি অনুযায়ি সর্বোচ্চ অপচয় হার কত হবে তা UD তে সুপারিশ করবেন;

ঘ. UD তে সুপারিশকৃত অপচয় হার পুনঃনির্ধারিত হার হিসেবে কার্যকর হবে। উক্ত হার অনুসরণপূর্বক প্রতিষ্ঠানসমূহ তাদের উৎপাদন প্রক্রিয়া অনুসরণ করবে এবং নির্ধারিত সময়ান্তে নিরীক্ষার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবে;

ঙ. UD তে নির্ধারিত অপচয় হার অনুসারে পোশাক প্রস্তুত হচ্ছে বা হয়েছে কিনা তা নিরীক্ষাকালে প্রয়োজন অনুযায়ী যাচাই করতে হবে;

চ. বাণিজ্য মন্ত্রণালয় নির্ধারিত হারের বেশি অপচয় UD তে বা সংশোধনীতে সুপারিশ করলে বা পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক UD তে নির্ধারিত হারের অতিরিক্ত অপচয় ঘোষণা বা গ্রহণ করলে সেক্ষেত্রে অতিরিক্ত অপচয়ের উপর প্রযোজ্য শুল্ক-করাদি আদায়যোগ্য হবে;

ছ. অপচয়ের হার ঘোষণা বা UD তে সুপারিশ সংঘটিত অনিয়মের প্রবণতা উদ্ঘাটিত হলে সেক্ষেত্রে আইনানুগ পদ্ধতিতে প্রতিষ্ঠানের বন্ডিং কার্যক্রম স্থগিত রেখে অন্যান্য আইনানুগ ব্যবস্থা গৃহীত হবে; এবং

জ. পুন:নির্ধারিত অপচয়ের ফলে দৃশ্যমান পণ্য বা বস্তু সৃষ্টি হলে তা অপসারণের পূর্বে কমিশনারের অনুমতি গ্রহণ করতে হবে এবং এক্ষেত্রে উক্ত অপচয়কৃত পণ্য বিক্রয়যোগ্য হলে বিধি মোতাবেক এর উপর স্থানীয় মূসক প্রযোজ্য হবে।

০৩। আরো উল্লেখ্য যে, বাণিজ্য মন্ত্রণালয় এর সূত্রীয় ৪ নং পত্রের নির্দেশনা অনুযায়ী অপচয় পুণ:নির্ধারিত হার চলতি অর্থবছর ২০২১-২২ (জুলাই-২০২১) হতে কার্যকর হবে এবং অপচয়ের হার বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে বাণিজ্য সংগঠনসমূহ প্রয়োজনীয় কার্যক্রম/পদক্ষেপ গ্রহণ করবে। অধিকন্তু, পূর্ববর্তী UD ইস্যু/সংশোধনের ক্ষেত্রে ইতোপূর্বে বলবৎ অপচয় হার অনুযায়ি তা নির্ধারিত হবে।

০৪। সূত্রীয় ৩ নং পত্রের কার্যক্রম এতদ্বারা রহিত করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ মশিয়ার রহমান মন্ডল)
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক:

১-২। কমিশনার
কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

নথি নং ০৮.০১.০০০০.৫৬.০১.০০১.২০২০/ ৬৪(২) তারিখ: ১০/০৩/২০২২ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতির জন্য

১। সিনিয়র সচিব/সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: যুগ্মনিয়ন্ত্রণ, রপ্তানি-৯ শাখা, বাণিজ্য মন্ত্রণালয়)।
২। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, ৭/৭এ, এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
৩। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার (১৩তলা) ১৩/এ সোনারগাঁও রোড, বাংলা মটর, ঢাকা।
৪-৫। অফিস কপি/গার্ড কপি।

১০/৩/২২

(মোঃ মশিয়ার রহমান মন্ডল)
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com